

**শেরপুর পলিটেকনিক
ইনস্টিটিউটে ছাত্রলীগ
ও ছাত্রদলে সংঘর্ষ**

আহত ৫, আটক ৩

■ শেরপুর প্রতিনিধি

শেরপুর পলিটেকনিক ইনস্টিটিউটে ছাত্রলীগ ও ছাত্রদল নেতা-কর্মীদের মধ্যে গতকাল সোমবার সংঘর্ষে পাঁচ জন আহত হয়েছে। ভাঙুর করা হয়েছে ইনস্টিটিউটের বিভিন্ন অফিস, কক্ষের দরজা-জানালা। ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে পুলিশ ছাত্রদলের তিন জনকে আটক করেছে। প্রত্যেকদশী ও হানীচেরা জানান, গতকাল সকাল সাড়ে ১০টার দিকে ইনস্টিটিউটের কারিগরি বোর্ডের একটি পদে নিয়োগকে কেন্দ্র করে ছাত্রলীগের নেতা-কর্মীদের সঙ্গে ছাত্রদল নেতা-কর্মীদের কথামত কাটাকাটি হয়। পরে উভয় দলের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষ শুরু হয়। এসময় বিভিন্ন স্ক্রিনের দরজা-জানালা ভাঙুর করা হয়। এদিকে সংঘর্ষের খবর পেয়ে সদর থানা পুলিশ ঘটনা স্থলে গেলো পরিস্থিতি শান্ত হয়। পুলিশ ছাত্রদল সমর্থক তারিকুসসহ তিন জনকে আটক করে থানায় নিয়ে যায়।